দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

# নাটোরে প্রশ্নপত্র ফাঁস, ১০৬ প্রাথমিকে গণিত পরীক্ষা স্থগিত

■ নাটোর প্রতিনিধি

প্রথম ও চতুর্থ শ্রেণির গণিত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ায় নাটোর সদর উপজেলার ১০৬টি প্রাথমিক বিদ্যালয়ের ঐ পরীক্ষা স্থগিত করা হয়েছে। এই ঘটনায় সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) শামীম ভুঁইয়াকে প্রধান করে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এলাকাবাসী প্রশ্নপত্র ফাঁসের সাথে সদর উপজেলার আগদিঘা প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও কোচিং সেন্টারের বিরুদ্ধে অভিযোগ করেছে।

এলাকাবাসী জানায়, সোমবার সকালে সদর উপজেলার আগদিঘা প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষা শুরুর আগেই প্রথম শ্রেণির ও চতুর্থ শ্রেণির গণিত পরীক্ষার হাতে লেখা প্রশ্ন ছড়িয়ে পড়ে। এই ঘটনায় অভিভাবক ও এলকাবাসীর মধ্যে ক্ষোভের সৃষ্টি হলে বিদ্যালয়ের সভাপতি সিরাজুল ইসলাম স্থানীয় প্রশাসনকে অবহিত করেন। খবর পেয়ে সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জেসমিন আক্তার বানু ও প্রাথমিক শিক্ষা কর্মকর্তা পৃষ্ঠা ১৯ কলাম ৪

## নাটোরে প্রশ্নপত্র

প্রথম পৃষ্ঠার পর

আলী আশরাফ ঘটনাস্থলে গিয়ে হাতে লেখা প্রশ্নের সাথে পরীক্ষার প্রশ্নের হুবহু মিল পান। এসময় উপজেলা নির্বাহী কর্মকর্তা সদর উপজেলার ১০৬টি বিদ্যালয়ের প্রথম ও চতুর্থ শ্রেণির আজকের গণিত পরীক্ষা স্থগিত করেন। এলাকাবাসী ও অভিভাবকরা অভিযোগ করেন, বিদ্যালয়ের শিক্ষক ও স্থানীয় কোচিং সেন্টারের যোগসাজশে প্রতি পরীক্ষার আগের দিন প্রশ্নপত্র ফাঁস করা হয়। কোচিং সেন্টারের শিক্ষার্থীদের ভালো ফল করাতেই এই কাজ করা হয়। আর প্রতি প্রশ্নের জন্য নেওয়া হয় ৩০ টাকা।